গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়
মানিকগঞ্জ।

অফিস আদেশ ঃ ৬৫ (জি) তারিখ ঃ ২০/০৩/২০১৮ খ্রিঃ।

মানিকগঞ্জ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসীতে কর্মরত ৩য় ও ৪র্থ শ্রেনীর কর্মচারীদের বিরুদ্ধে অভিযোগ পাওয়া যাইতেছে যে, কোন কোন কর্মচারী কর্মদিবসে বিনা অনুমতিতে অফিসের কাজে অনুপস্থিতি, বিলম্বে অফিসে উপস্থিতি, অফিস চলাকালীন সময়ে তাহাদের অফিসের টেবিলে কাজ না করিয়া বাহিরে ঘোরাফেরা, গল্প করা, উর্দ্ধতন কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে অফিস ত্যাগ করা বা মধ্যহ্ন বিরতির সময়ে নির্ধারিত বিরতি সময়ের অতিরিক্ত সময় অফিসের বাহিরে অবস্থান করিয়া থাকেন। কর্মচারীদের উক্তরুপ কার্যক্রম কর্তব্যে অবহেলার সামিল ও সরকারী চাকুরী শৃঙ্খলা পরিপন্থি এবং শাস্তিযোগ্য অপরাধ। এমতাবস্থায় অত্র ম্যাজিস্ট্রেসীর সকল কর্মচারীকে যথাসময়ে নিয়মিত অফিসে উপস্থিত থাকিয়া তাহাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করার জন্য নির্দেশ দেওয়া হইল। গণকর্মচারী শৃঙ্খলা( নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ, ১৯৮২ মোতাবেক সংশ্লিষ্ট অফিস প্রধানগণ তাঁহার অধীনস্থ কর্মচারীদের অফিসে সময়মত উপস্থিতি নিশ্চিত করনে এবং অননুমোদিত অনুপস্থিতির জন্য দায়ী থাকিবেন। প্রত্যেক আদালত ও বিভাগে সাময়িকভাবে অফিস ত্যাগের জন্য একটি রেজিস্ট্রার রক্ষনাবেক্ষণ করিতে হইবে। রেজিস্ট্রারে লিপিবদ্ধ না করিয়া কোন কর্মচারী অফিস ত্যাগ করিতে পারিবেনা। উক্ত রেজিস্ট্রারে কর্মচারীদের নাম, অফিস ত্যাগের কারণ, তারিখ, সময় এবং অফিসে প্রত্যাবর্তনের সময় লিপিবদ্ধ করিতে হইবে।

এই আদেশ অদ্য ২০/০৩/২০১৮ খ্রিঃ তারিখ হইতে কার্যকর হইবে।
জনস্বার্থে এই আদেশ জারী করা হইল।
সংশ্লিষ্ট সকলকে জ্ঞাত করানো হউক।

স্বা/-
(আবু জাফর মোঃ কামরুজ্জামান)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
মানিকগঞ্জ।

স্মারক নং-সিজেএম/মানিক/জেএম - ৬৬০ (১৪)/১৮, তারিখ ঃ ২০/০৩/২০১৮ খ্রিঃ।

আদেশের অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল ঃ

০১। অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, আদালত নং-০২, মানিকগঞ্জ।
০২-৭। সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, আদালত নং- ৩,৪,৫,৬,৭,৮ ও ৯, মানিকগঞ্জ।
০৮-১১। ভারপ্রাপ্ত সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,নেজারত/নকল খানা/রেকর্ড রুম/হিসাব বিভাগ, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, মানিকগঞ্জ।
১২। প্রশাসনিক কর্মকর্তা, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, মানিকগঞ্জ।
১৩। অফিস কপি।
১৪। জনাব মশিউর রহমান,স্টেনোগ্রাফার,(ওয়েব পোর্টালে প্রকাশের জন্য)

(আবু জাফর মোঃ কামরুজ্জামান)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
মানিকগঞ্জ।
২০/৩/১৮